

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৪২. কোন্ কোন্ ব্যক্তির ইমামতি শুদ্ধ নয়?

(১) পুরুষের জন্য মহিলা, (২) মুশরিক ও বিদআতী, (এদের পেছনে সালাত শুদ্ধ নয়) (৩) ফাসিক, (৪) টাকার বিনিময়ে ইমামতি (ইমামতি করবেন আল্লাহর ওয়াস্তে, আর মুসল্লীদের দায়িত্ব হলো ইমামকে হাদীয়া দেওয়া), (৫) ভুল তিলাওয়াতকারী, (অর্থাৎ এমন ভুল পড়া যাতে শব্দের অর্থ পাল্টে যায়। এতে সালাত নষ্ট হয়ে যায়। আর ভুল তিলাওয়াতকারীর পেছনে শুদ্ধ তিলাওয়াতকারীর সালাত শুদ্ধ নয়। তবে অন্যদের সালাত হয়ে যাবে, (৬) মুসল্লীরা ইমামকে অপছন্দ করলে (সিলসিলাহ সহীহা: ২৮৮, ৬৫০) অবশ্য তা বিবেচিত হবে সংখ্যায় অধিকাংশের ভিত্তিতে। (৭) সুন্নাত তরককারী, (৮) সর্বদা পেশাব ঝরে এমন রোগী, (৯) বোবা লোক, (১০) তাড়াহুড়া করে সালাত আদায়কারী, (১১) ওযু ছাড়া ইমামতি, (১২) রেডিওতে শোনা যায় বা টিভিতে দেখা যায় এমন ইমামের পেছনেও সালাত হবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12926

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন